দৈনিক [illegible]

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 01 AUG 1989 ...
পৃষ্ঠা ... 7 কলাম 3 ...

8

27

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ৫শ' আসনে ভর্তির ৭ হাজার আবেদন

(নিজস্ব সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয় ২৮শে জুলাই।—বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রথম বার্ষিক সম্মান শ্রেণীতে ভর্তির ৫শ ৩০টি আসনের জন্য ৭ হাজার ৬শ ৭৭টি আবেদনপত্র জমা পড়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই আবেদনপত্র এবং ভর্তির নির্দেশিকা বিক্রি করে এ বছর আয় করেছে ৪ লাখ ৬০ হাজার ৬শ ২০ টাকা।

জানা গেছে, আগামী ১৬ই আগস্ট কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তির লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। আবেদনকারী ছাত্রছাত্রীর মধ্যে উচ্চ নম্বরের ভিত্তিতে ৫ হাজার ৩শ ছাত্রছাত্রীকে ভর্তির লিখিত পরীক্ষা দিতে দেওয়া হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে পাঠানো হবে কার্ড পেতে ব্যর্থ হলে তাকে ভর্তি পরীক্ষার পূর্বে কৃষি অনুষদের ডীনের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।